

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

ডিসেম্বর, ২০১৭ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোঃ রফিকুল ইসলাম সেলিম অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কুড়িগ্রাম।
সভার তারিখ	:	২৬-১২-২০১৭ খ্রিস্টাব্দ।
সভার সময়	:	বিকাল- ০৩:৩০ ঘটিকা।
সভার স্থান	:	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। অতঃপর কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসমতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।
বিষয়াভিত্তিক আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম গঠন এবং কর্মকর্তাদের বদলী, পদমোতি বা অন্যান্য কারণে ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে জানতে চাইলে সহকারী কমিশনার(আইসিটি) সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক ইনোভেশন টিম প্রতিনিয়ত পুর্ণগঠিত হচ্ছে এবং পুনর্গঠনপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যায়নি তাদের তাগিদপত্র দিতে বলেন এবং দুট সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন।	মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপনের মিদেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম পুর্ণগঠন শেষে দুট এ কার্যালয়কে অবহিত করতে হবে।	উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম।
২	উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ সভায় উপজেলা ইনোভেশন টিম এর মাসিক সভা সম্পর্কে সভাপতি উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ সভায় অবহিত করেন যে, উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। সভা অনুষ্ঠান সংক্রান্ত প্রতিবেদন বা মাসিক সভার কার্যবিবরণী জেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে কোন উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি মর্মে সহকারী কমিশনার (আইসিটি) বিষয়টি অবহিত করেন। কোন কোন উপজেলায় 'উপজেলা ইনোভেশন টিম' এর সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়ার প্রেক্ষিতে সভায় অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত করা ও উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করেন।	১) যে সকল উপজেলায় জেলা প্রশাসক মহোদয়ের ভ্রমণ থাকবে না সে সকল উপজেলা তাদের উপজেলা ইনোভেশন টিমের সভা প্রতি ইংরেজি মাসের ১০ তারিখের মধ্যে সম্পন্ন করে ১৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করবেন। ২) জেলা প্রশাসক, কুড়িগ্রামের ভ্রমণসূচি অনুযায়ী উপজেলা ইনোভেশন টিমের সভা আয়োজন করতে হবে।	উপজেলা ইনোভেশন অফিসার (সকল) কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
3	<p>ইনোভেশন টিম এর কার্যপরিধি সম্পর্কে আলোচনা:</p> <p>সভায় ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ আলোচনা করেন। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান, কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং প্রতি বৎসর নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাংসরিক প্রতিবেদন প্রণয়ন এবং ২০১৭ সালের বাংসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন।</p>	<p>১) জেলা ইনোভেশন টিমের বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম</p> <p>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।</p>
8	<p>উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন সম্পর্কে আলোচনা:</p> <p>রোমারী ও রাজীবপুর উপজেলার বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্ত অনুযায়ী এখন পর্যন্ত সংলাপ আয়োজন করা হয়নি।</p> <p>রোমারী ও রাজীবপুর উপজেলার বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী আগামী মাসে চলমান সেবায় উত্তাবনী উদ্যোগের সাথে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের ইনোভেশন টিমের প্রাতিষ্ঠানিক সম্পর্ক শক্তিশালীকরণে স্থায় উপজেলার উত্তাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা, উপজেলা ইনোভেশন কর্মকর্তা ও উপজেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যদের সমন্বয়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজনের দিনক্ষণ নির্ধারণপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, রোমারী ও রাজীবপুর, কুড়িগ্রামকে অনুরোধ করেন।</p>	<p>বাংসরিক কর্মপরিকল্পনা ২০১৭ অনুযায়ী সেপ্টেম্বর মাসের যে কোন সুবিধাজনক সময়ে “সোস্যাল মিডিয়া সংলাপ” আয়োজন করতে হবে।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার, রোমারী/রাজীবপুর, কুড়িগ্রাম।</p>
5	<p>সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনা:</p> <p>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সেবা পোছে দেয়ার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পূর্ণ হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও কোর অফিসারকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।</p> <p>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।</p>

ক্রঃ নং	আলোচনা	মিকান্ট	বাস্তবায়নকারী
৬	<p><u>জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ</u></p> <p>সভায় জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ সম্পর্কে আলোচনা করা হয়। বর্তমানে পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনির্ণয় যাচাই এবং পোর্টালের ছবি ও তথ্যের প্রাসংজিকতা পরীক্ষণ, ওয়েব পোর্টালে তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যালোচনা করা হয়।</p> <p>জেলা ও উপজেলা ইনোভেশন টিম কর্তৃক জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল নিয়মিত মনিটরিং এবং উভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রয়োজনীয় কর্মপদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। প্রতি মাসের সভায় জেলা ওয়েব পোর্টালের যে কোন একটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়ে আলোচনা করার জন্য সভাপতি জেলা ইনোভেশন টিমের কর্মকর্তা/সদস্যবৃন্দকে অনুরোধ জানান। ওয়েব পোর্টাল সম্পর্কে উভূত সমস্যা ও জটিলতা নিরসনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p>	<p>১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ও উপজেলা ইনোভেশন টিম জেলা ও উপজেলা পোর্টাল নিয়মিত মনিটরিং করবেন।</p> <p>২। উপজেলা পোর্টালসমূহের তথ্য হালনাগাদপূর্বক প্রতি মাসের জেলা ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করতে হবে এবং প্রদত্ত তথ্য সংক্রান্ত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>৩। নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালের পাসওয়ার্ড পরিবর্তন, প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালে সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রোফাইল আপডেটসহ যে সকল দপ্তরের বিভিন্ন ধরণের প্রকল্প আছে তা ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।</p>	<p>১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদ করতে হবে। জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।</p> <p>৩। সহকারী কমিশনার (আইসটি) কুড়িগ্রাম।</p>
৭	<p><u>ইনোভেটিভ আইডিয়ার পাইলট প্রকল্প সম্পর্কে আলোচনাঃ</u></p> <p>সভায় চলমান ইনোভেটিভ আইডিয়া সম্পর্কে আলোচনা হয়। আলোচনায় জেলা ও উপজেলার সকল সরকারি দপ্তরে চলমান পাইলট প্রকল্পগুলোর বর্তমান অবস্থার তথ্য প্রত্যেক মাসে এ জেলা কার্যালয়ের আইসিটি শাখায় প্রেরণের জন্য বলা হয় এবং নাগরিক সেবা সমূহ জনগণের দোরগোড়ায় পৌছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন।</p>	<p>১) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে চলমান ইনোভেটিভ আইডিয়ার তথ্য প্রতিমাসে প্রেরণ করতে হবে এবং নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো।</p>	<p>জেলা ইনোভেশন টিম, উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।</p> <p>ও সংশ্লিষ্ট দপ্তর</p>

ক্রঃ নং	আলোচনা	শিক্ষাত্ত	বাস্তবায়নকারী
৮	<p>বিবিধঃ</p> <p>১। সভাপতি কুড়িগ্রাম জেলায় ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে ফেসবুক গুপ্ত Innovation Teams, Kurigram নিয়ে আলোচনা করেন। তিনি ইনোভেশন টিমের সকল সদস্যকে ফেসবুকের উক্ত গুপ্টিতে সম্পৃক্ত হতে অনুরোধ করেন এবং জনবাক্তব্যমূলক ছবি "ইনোভেশন টিম'স" ফেসবুক পেইজে আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন।</p> <p>২। কোন কর্মকর্তা বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন করলে তার উদ্যোগটি চলমান রাখতে সভায় অনুরোধ করা হয়।</p> <p>৩। সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের নিকট হতে ই-ফাইলিং বিষয়ক কার্যক্রম জানতে চাইলে ইনোভেশন টিমের সদস্যগণ তাদের দপ্তরের ই-ফাইলিং কার্যক্রমের চিত্র তুলে ধরেন। ই-ফাইলিংয়ের মাধ্যমে নথি নিষ্পত্তির হার কম থাকায় সকলকে এই হার বৃদ্ধি করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার কথা বলেন।</p> <p>৪। সভাপতি জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ডায়নামিক ওয়েব সাইট তৈরী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তদারকি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>১) ইনোভেশন সংক্রান্ত ফেসবুক গুপ্ত সকল কর্মকর্তাকে অন্তর্ভুক্তকরণসহ জনবাক্তব্যমূলক ছবি আপলোড করার জন্য অনুরোধ করেন।</p> <p>২) চলমান উত্তাবনীসমূহের উত্তাবক/কর্মকর্তা বদলি হলে তা এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং উদ্যোগটি চলমান রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৩। ডিজিটাল সিস্টেমে সকল নথি ব্যবস্থাপনা সম্পন্ন করতে হবে।</p> <p>৪) জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডায়নামিক ওয়েব সাইট তৈরী নিশ্চিত করা এবং এর কার্যক্রম তদারকি করতে হবে।</p>	<p>১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।</p> <p>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।</p> <p>৩) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।</p>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

কুড়িগ্রাম

ও

সভাপতি

জেলা ইনোভেশন টিম।

ই-মেইলঃ adcictkurigram@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়
 কুড়িগ্রাম
 আইসিটি শাখা
 www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৮৭.৪৯০০.০২৬.০৩.০০৯.১৭-৩১৯(২০)

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৪
 ০৮ জানুয়ারি, ২০১৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম(তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫।

.....

স্বাক্ষরিত/-
 (শামীমা সুলতানা)
 সহকারী কমিশনার (আইসিটি)
 ফোনঃ ০৫৮১-৬২৪০২
 ই-মেইলঃ acictkurigram@yahoo.com

পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃনং	নাম ও পদবী	মোবাইল	স্বাক্ষর
১	জনাব মোঃ আব্দুল কাদের কাজী, সহকারী জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম	০১৭২৩৯২২৬৯	স্বাক্ষরিত
২	জনাব এ, কে এম তেফিকুর রহমান, এডিপিইও, কুড়িগ্রাম	০১৭১৫১৩৪৬১০	স্বাক্ষরিত
৩	জনাব সদরুল আলম সরকার, কৃষি প্রকৌশলী, কৃষি সম্প্রৱ অধিঃ খামারবাড়ী, কুড়িগ্রাম	০১৭১৪৫১৩২৫৪	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ জাফরুল ইসলাম, প্রশিক্ষক (কম্পিউটার), যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম	০১৭১৮৪৬০১৪২	স্বাক্ষরিত
৫	জনাব মোঃ শাহজাহান আলী, জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম	০১৭১৬৪৯১২৫৩	স্বাক্ষরিত